

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 13-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) এস আই আর প্রক্রিয়ায় রাজ্যে ৫৮ লক্ষের বেশি ফর্ম আন কালেক্টেবল বা অগ্রহণযোগ্য বলে চিহ্নিত করা হয়েছে। প্রায় ১-শো শতাংশ ভোটারের তথ্য কমিশনের হাতে পৌঁছেছে।
- ২) বিএলও এবং অন্যান্য নির্বাচনী আধিকারিকদের নিরাপত্তা সুনির্ণিত করতে নির্বাচন কমিশন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি পাঠিয়েছে।
- ৩) বেশকিছু সরকারী প্রকল্পের উদ্বোধন করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশে ডিসেম্বর এরাজ্যে আসছেন।
- ৪) নবম-দশম শ্রেণীর শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার জন্য তথ্য যাচাই-এর ডাক পাওয়া প্রার্থীদের তালিকা প্রকাশ করল স্কুল সার্ভিস কমিশন।
- ৫) দেশের সমস্যা দেশেই সমাধানের লক্ষে IIT খড়গপুরে শেষ হয়েছে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন-২০২৫-এর হার্ডওয়ার সংস্করণ।
- ৬) বিশ্ব ফুটবলের মহা তারকা লিওনেল মেসির কলকাতা সফরকে ঘিরে আবেগে ভাসছেন ফুটবল প্রেমীরা।

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR-এর এনিউমারেশন পর্বের শেষে ৫৮ লক্ষের বেশি ফর্ম অসংগ্রহযোগ্য বা আন-কালেক্টেবল হিসেবে চিহ্নিত করা হয়েছে। গতকাল দুপুর ১২টা

পর্যন্ত রাজ্য জুড়ে ৫৮ লক্ষ ১৭ হাজার ৮৫১টি এনিউমারেশন ফর্ম অসংগ্রহযোগ্য হিসেবে চিহ্নিত হয়েছে। কমিশনের নির্দেশ অনুযায়ী এই সমস্ত ভোটারের নাম খসড়া ভোটার তালিকা থেকে প্রাথমিকভাবে বাদ যাবে।

নির্বাচন কমিশন জানিয়েছে, SIR পর্বে এখনো পর্যন্ত ৯২ দশমিক ৪/১ শতাংশ ভোটারের এনিউমারেশন ফর্ম ডিজিটাইজ হয়েছে।

তাদের দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, রাজ্যের মোট ৭ কোটি ৬৬ লক্ষ ৮৬ হাজার ৬৫৮ জন ভোটারের মধ্যে ৭ কোটি ৬ লক্ষ ৯৮ হাজার ৬৪৯ জনের ফর্ম ইতমধ্যেই ডিজিটাইজ করা হয়েছে। সব মিলিয়ে রাজ্যের প্রায় ৯৯.৯/ ৯ শতাংশ ভোটারের তথ্য কমিশনের হাতে পৌঁছে গিয়েছে।

এই কর্মসূচিতে রাজ্যের বেশিরভাগ জেলাই ভালো অগ্রগতি দেখিয়েছে।

পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া, মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, দক্ষিণ দিনাজপুরের মতো জেলাগুলিতে ডিজিটাইজ ফর্মের হার ৯৩ থেকে ৯৬ শতাংশের মধ্যে। তবে উদ্বেগের বিষয় কলকাতা মহানগর। উত্তর কলকাতায় মাত্র ৭৪.০/৭ শতাংশ এবং দক্ষিণ কলকাতায় ৭৬.১/৭ শতাংশ ফর্ম ডিজিটাইজ হয়েছে। তবে হাওড়া, পশ্চিম বর্ধমান, কলকাতা ও তার আশপাশের শহরাঞ্চলে তুলনামূলকভাবে গতি কম। নির্বাচন কমিশনের অভ্যন্তরীণ সূত্রে জানা গিয়েছে, এই অঞ্চলগুলিতে ফর্ম সংগ্রহে নাগরিক অসহযোগিতা, পরিকাঠামোগত সমস্যা এবং প্রযুক্তিগত জটিলতার সম্মুখীন হতে হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ সংশোধনী বা SIR প্রক্রিয়ায় Enumeration পর্ব শেষ হওয়ার পর নির্বাচন কমিশন BLO ও অন্যান্য নির্বাচনী আধিকারিকদের নিরাপত্তার ওপর বিশেষ গুরুত্ব দিয়েছে। রাজ্যের ঘটে যাওয়া সাম্প্রতিক কিছু ঘটনার প্রেক্ষিতে BLO ও অন্যান্য নির্বাচনী কর্মীদের ওপর হিংসাত্মক যেকোনো ঘটনাকে কমিশন অত্যন্ত গুরুতর ভাবে দেখছে এবং এব্যাপারে কড়া পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এব্যাপারে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে পাঠানো এক চিঠিতে বলা হয়েছে, রাজ্যের যেকোন প্রান্তে এমন প্রতিটি ঘটনায় অবিলম্বে FIR নথিভুক্ত করতে সংশ্লিষ্ট জেলা নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছে

কমিশন। এতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথাও ওই চিঠিতে উল্লেখ করা হয়েছে।

এর আগে, গতকাল SIR-এর কাজে নিযুক্ত বুথ লেভেল আধিকারিকদের নিরাপত্তা দেওয়ার জন্য রাজ্যপাল সিভি আনন্দ বোস, রাজ্য সরকারের কাছে প্রস্তাব দিয়েছেন। লোকভবনের তরফে বলা হয়েছে, রাজ্যপালের অভিমত, BLO-রা যেহেতু একেবারে তৃণমূল স্তরে কাজ করছেন, তাই জেলা প্রশাসনের উচিত তাদের উপযুক্ত নিরাপত্তা দেওয়া।

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, উত্তর প্রদেশ, কেরালা সহ ৮ টি রাজ্যের জন্য বিশেষ রোল অবজারভার নিয়োগ করেছে। কমিশন জানিয়েছে ইতোমধ্যেই বিশেষ রোল অবজারভাররা কাজ শুরু করেছেন। ২০২৬ এর ফেব্রুয়ারিতে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের আগে পর্যন্ত, সপ্তাহে দুদিন করে এই রাজ্যগুলিতে তারা যাবেন বলে জানানো হয়েছে। নির্বাচন কমিশন জানিয়েছে এই বিশেষ পর্যবেক্ষকরা জাতীয় এবং রাজ্যভিত্তিক রাজনৈতিক দলগুলির রাজ্য এবং জেলা স্তরের নেতৃত্বদের সঙ্গে বৈঠক করবেন। সম্পূর্ণ প্রক্রিয়াটি যাতে স্বচ্ছ এবং সঠিকভাবে হয় তার জন্য পর্যবেক্ষকরা রাজ্যের সিইও এবং ডিইওদের সঙ্গে ভার্চুয়ালি অথবা সামনাসামনি বৈঠক করবেন। ভোটার তালিকায় যাতে কোনো যোগ্য ভোটার বাদ না ঘান এবং কোন অযোগ্য ভোটারদের নাম যাতে তালিকায় না আসতে পারে, তা দেখাই বিশেষ রোল অবজারভারদের কাজ।

০০০০০০০০০০০০০০০০০০০০

বেশ কিছু সরকারি প্রকল্পের উদ্বোধন করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী বিশে ডিসেম্বর এরাজ্য আসছেন।

নদীয়ায় সরকারি প্রকল্পের উদ্বোধন ছাড়াও তাহেরপুরে তিনি জনসভা করবেন বলে বিজেপি সূত্রে জানা গেছে।

আগামী বিধানসভা নির্বাচনের জন্য প্রধানমন্ত্রী এরাজ্য বেশ কয়েকটি জনসভা করার কর্মসূচী রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

দেশের গৌরবময় শিল্পের ঐতিহ্য সংরক্ষণ ও অসাধারণ শিল্পকুশলতাকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে শিল্পগুরু এবং হস্তশিল্পে জাতীয় পুরস্কার প্রদান করা হয়েছে। রাষ্ট্রপতি দ্বোপদী মুন্মু সম্প্রতি নতুন দিনিতে এই পুরস্কার প্রদান করেন। ২০২৩ ও ২০২৪ সালে মোট ১২ জন 'শিল্প গুরু' পুরস্কার পেয়েছেন। ৩৬ জন কারুশিল্পী জাতীয় পুরস্কারে সম্মানিত হয়েছেন। এর মধ্যে এরাজ্যেরও ৬ রয়েছেন।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০

নবম ও দশম শ্রেণির শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার জন্য তথ্য যাচাইয়ে ডাক পাওয়া প্রার্থীদের তালিকা প্রকাশ করল স্কুল সার্ভিস কমিশন। প্রায় ৪০ হাজার প্রার্থী এই প্রক্রিয়ার জন্য ডাক পেয়েছেন। নবম দশমের শূন্য পদের সংখ্যা ২৩ হাজার ২১২। পরীক্ষা দিয়েছিলেন দু লক্ষ তিরানৰহ হাজারের বেশী। ডিসেম্বরের শেষ সপ্তাহ থেকে তথ্য যাচাইয়ের প্রক্রিয়া শুরু হতে পারে বলে স্কুল সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে।

তবে তালিকায় তাঁদের অনেকেরই নাম নেই বলে জানিয়েছেন যোগ্য শিক্ষক-শিক্ষিকারা। "যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ"-র তরফে সঙ্গীতা সাহা, রাকেশ আলমরা দাবি করেন, মূলত অঙ্ক এবং ভৌতবিজ্ঞানের প্রার্থীরা সবচেয়ে বেশি বঞ্চিত হয়েছেন। এই দুই বিষয়ে কয়েকশো যোগ্য শিক্ষক শিক্ষিকা নতুন নিয়োগের জন্য ডাক পাননি। ৩১ ডিসেম্বরের পর তাঁদের চাকরি চলে গেলে ওই পরিবারগুলি কার্যত পথে বসবে বলে তাঁদের দাবি।

এদিকে, যোগ্য হয়েও যারা নতুন তালিকায় জায়গা পাননি তাদের সম্পর্কে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে তাঁর আলোচনা হয়েছে এবং তিনি এব্যাপারে ওয়াকিবহাল বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০

নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য সুপ্রিম কোর্টের কাছে আরো সময় চাইছে স্কুল সার্ভিস কমিশন। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু গতকাল জানান, স্বচ্ছতা এবং মেধার ভিত্তিতে নিয়োগই কমিশনের অগ্রাধিকার। এত বড় নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গেলে কিছুটা সময় দরকার। সেইমতো আরো দিন ১৫ অতিরিক্ত সময় দরকার বলে এসএসসি কর্তৃপক্ষের সঙ্গে তাঁর কথা হয়েছে। তবে কতদিন সময় লাগবে তা নিয়ে এসএসসি সিদ্ধান্ত নেবে বলে শিক্ষামন্ত্রী জানান।

উল্লেখ্য, ৩১ ডিসেম্বরের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। তবে একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য ইন্টারভিউ এখনো চলছে। তা শেষ করতে আরো কিছুদিন সময় লাগবে বলে স্কুল সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে। সেই মতো সুপ্রিম কোর্টও সময় বৃদ্ধির আর্জি জানিয়েছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, ২০১৬ সালের ওয়েটিং লিস্টে নাম থাকা যোগ্য প্রার্থীদের ২০২৫ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন পরীক্ষার ইন্টারভিউতে বসার সুযোগ দিতে নির্দেশ দিয়েছে। বিচারপতি অমৃতা সিন্হা আজ তাঁর নির্দেশে জানান, এই প্রার্থীদের ইন্টারভিউ নিয়ে ফলাফল মুখ্যবন্ধ খামে আদালতে জমা দিতে হবে। ইন্টারভিউ-এর ভিডিওগ্রাফি করা হবে কিনা, তা' নিয়ে সিদ্ধান্ত নেবে স্কুল সার্ভিস কমিশন।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট ২৬ হাজার চাকরী বাতিল করে যোগ্য প্রার্থীদের পরীক্ষায় বসতে দেওয়ার নির্দেশ দিয়েছিল। লিখিত পরীক্ষার পর, নথি যাচাই-এর সময় বয়স বেশী বলে ইন্টারভিউ থেকে বাদ দেওয়া হয় একাধিক প্রার্থীকে। ২০১৬ সালেও এরা দুর্ব্বিতির কারণে চাকরী থেকে বাধিত হয়েছিলেন, তবে নাম ছিল ওয়েটিং লিস্ট। এরপরই তাঁরা হাইকোর্টের দ্বারা স্বীকৃত হন। বিচারপতি সিন্হা, প্রত্যেকের ইন্টারভিউ নেওয়ার নির্দেশ দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

আইআইটি খড়াপুরে শেষ হয়েছে "স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫ - হার্ডওয়্যার সংস্করণের গ্র্যান্ড ফিনালে প্রতিযোগিতা। চূড়ান্ত পর্যায়ে দেওয়া ভিন্ন ভিন্ন চ্যালেঞ্জের জন্য TEAM GROUND ZERO, WATT THE HACK, TEAM VELOCIS, NO WINNER কে জয়ী ঘোষনা করা হয়েছে। অন্য একটি চ্যালেঞ্জের জন্য যুগ্ম বিজয়ী হয়েছে কোড নির্ভানা ও কৃষি নেত্র নামে দুটি

দল। গত সোমবার ৮ ডিসেম্বর শুরু হয়েছিল হার্ডওয়্যার সংস্করণের এই প্রতিযোগিতা। ভারতের শিক্ষা মন্ত্রকের ইনোভেশন সেল (MIC) এবং অল-ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (AICTE) দ্বারা আয়োজিত, স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন বিশ্বের বৃহত্তম উন্নত উদ্ভাবনী প্ল্যাটফর্মে পরিণত হয়েছে, যা বাস্তব-বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করার ক্ষমতা প্রদান করে। দেশের সমস্যা দেশেই সমাধানের লক্ষ্যে ২০১৭ সালে প্রথম শুরু হয়েছিল এই প্রতিযোগিতা।

আই আই টি খড়াপুরে চলতি বছরে সারা ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২২টি টিম এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

এরাজ্য থেকে নির্বাচিত একমাত্র বিজয়ী দল Team Nirvana'র এক সদস্য সৃষ্টিয় রায় জানিয়েছেন, এই প্রতিযোগিতা অনেক দুর্নহ চ্যালেঞ্জ মোকাবিলা করার শক্তি জুগিয়েছে।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব ফুটবলের মহা তারকা লিয়নেল মেসি এখন কলকাতায়। গতকাল গভীর রাতে দমদম বিমান বন্দরে পৌঁছন তিনি। সে সময় বিমানবন্দর চতুরে ছিল উপচে পড়া ভীড়। সমর্থকদের উল্লাস ও জয়ধ্বনিতে স্বাগত জানানো হয় মেসিকে। সঙ্গে এসেছেন, তার বন্ধু - উরুগুয়ের ফুটবলার লুই সুয়ারেজ এবং আর্জেন্টিনার রডরিগো ডি পোল।

এদিকে, মেসির সঙ্গে কলকাতাতেই সাক্ষাৎ করবেন বলিউড তারকা শাহরুখ খান - তিনিও গতরাতেই কলকাতায় এসেছেন। মেসির কলকাতা সফর নিয়ে আমাদের ক্রীড়া প্রতিনিধির একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অরিজিত দত্ত)

০০০০০০০০০০০০০০০০০০০

কালিম্পং জেলার ২১ মাইল এলাকায় এক পথ দুর্ঘটনায় দুই যাত্রীর মৃত্যু হয়েছে। গত সন্ধ্যায় ১০ জন যাত্রী নিয়ে সিকিম থেকে শিলিঙ্গড়ি যাওয়ার সময় গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে ৫-শো ফুট গভীর খাদে পড়ে যায়। ঘটনাস্থলে পুলিশ গিয়ে মৃতদেহ উদ্বারের পাশাপাশি আহতদের রোম্বি হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo